

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিষয়ঃ- ২০১৬-২০১৭ অর্থ বছরের Innovation এবং RTI বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রবি-উর-রেজা সিদ্দিকী, পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি।  
বৈঠকের স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষ।  
বৈঠকের তারিখ : ১৮-০৪-২০১৭ খ্রিস্টাব্দ।  
সময় : বিকাল ৪:০০ ঘটিকা।


সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১৯ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং উপস্থিত কোন সদস্যের কোনরূপ সংশোধন, পরিমার্জন প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ়করণ করা হয়। অতঃপর ২০১৬-২০১৭ অর্থ বছরের Innovation এবং RTI বিষয়ে কমিটির সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তায়ন
১	উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন	উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ বাস্তবায়নের লক্ষ্যে এপ্রিল-১৭ মাসে যে সকল কার্যক্রম রয়েছে তা চিহ্নিত করে সম্পন্ন করতে হবে।	ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট শাখা।
২	E-DO বাস্তবায়ন	অনলাইন সেবা চালুকরণের অংশ হিসেবে E-DO (Electronic Delivery Order) চালু করার নিমিত্ত গঠিত কমিটিকে দ্রুত এ সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে এবং পাইলটিং শুরু করতে হবে।	কমিটি ও সংশ্লিষ্ট শাখা।
৩	সেবা পদ্ধতি সহজীকরণ (SPS)	প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থাপিত Service Process Simplification বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উদ্ভাবনী কমিটি।
৪	উদ্ভাবনী প্রস্তাব	প্রত্যেক শাখা এবং সকল আঞ্চলিক কার্যালয় হতে প্রতি মাসে ২টি করে উদ্ভাবনী প্রস্তাব উদ্ভাবনী কমিটি বরাবর প্রেরণ করতে হবে। কোন কোন আঞ্চলিক কার্যালয় হতে উদ্ভাবনী প্রস্তাব পাওয়া গেলেও প্রধান কার্যালয়ের শাখাসমূহ হতে কোন উদ্ভাবনী প্রস্তাব পাওয়া যাচ্ছে না। এমতাবস্থায়, প্রত্যেক শাখা এবং আঞ্চলিক কার্যালয় হতে ২টি উদ্ভাবনী প্রস্তাব প্রতি মাসে উদ্ভাবনী কমিটি বরাবর দাখিল করার তাগিদ প্রদান করা হয়।	সংশ্লিষ্ট কমিটি ও সকল শাখা/অফিস।
৫	ফেইস বুক পেইজ চালুকরণ	কোন কোন আঞ্চলিক কার্যালয় ফেইস বুক একাউন্ট ওপেন করলেও প্রধান কার্যালয়ের ফেইস বুক পেইজের সাথে ফেব্রুয়ারী-মার্চ-২০১৭ মাসে লিংক হয়নি সেসকল কার্যালয় সমূহ এপ্রিল-২০১৭ মাসের মধ্যে লিংক হবে এবং সকল আঞ্চলিক কার্যালয় দ্রুততম সময়ের মধ্যে ফেইস বুক পেইজ চালু করে প্রধান কার্যালয়কে অবহিত করবে।	সকল আঞ্চলিক কার্যালয় ও জনাব সাইফুল ইসলাম।

৬	তথ্য অধিকার (RTI)	কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে নির্ধারিত ফরমেটে আবেদন পাওয়া যায়নি। তবে কোন আবেদন পাওয়া গেলে বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে দ্রুত তথ্য প্রদান নিশ্চিত করতে হবে।	ফোকাল পয়েন্ট।
---	----------------------	---	----------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ রবি-উর-রেজা সিদ্দিকী) 25/08/19  
পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি।